

নং. 10

এক্সিকিউটিভ অর্ডার

স্টেটের নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণের আবশ্যিকতা হালনাগাদকরণ

যেহেতু, 2রা জানুয়ারি, 2011 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 3-এ এক্সিকিউটিভ চেম্বারের কর্মকর্তা ও কর্মচারী, নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলোর কমিশনার, নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলোর কাউন্সেল এবং নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলোর ইথিকস অফিসারদের জন্য নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করা আবশ্যিক করা হয়েছে;

যেহেতু, নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীদের একটি নৈতিক, পেশাদার, ও স্বচ্ছ সরকার পাওয়ার অধিকার রয়েছে, তাই এই প্রশাসন এর শাসনকার্যে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রাখতে দৃঢ় প্রতিজ্ঞ;

যেহেতু, সরকারের প্রতি জনগণের আস্থা নিশ্চিত করতে স্টেটের সব কর্মকর্তা ও কর্মচারী যেসব নৈতিক মানদণ্ড মেনে চলবেন বলে প্রত্যাশা করা হয় সেগুলো প্রণয়ন করা ও বজায় রাখা তাদের জন্য অপরিহার্য;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে 2^{রা} জানুয়ারি, 2011 তারিখে জারিকৃত নির্বাহী আদেশ 3 প্রত্যাহার করছি, এবং নিম্নোক্ত আদেশ প্রদান করছি:

A. সংজ্ঞা

1. "স্টেটের কোনো সংস্থা" বলতে সরকারি কর্মকর্তা আইনের (Public Officers Law) ধারা 74-এ থাকা পরিভাষার একই অর্থ বুঝাবে।
2. "স্টেটের কর্মকর্তা ও কর্মচারী" বলতে সরকারি কর্মকর্তা আইনের ধারা 74-এ "স্টেটের কোনো সংস্থার কর্মকর্তা বা কর্মচারী" হিসেবে নির্দেশ করা একই অর্থ বুঝাবে।

B. নৈতিকতা সংক্রান্ত প্রশিক্ষণ

1. স্টেটের কোনো সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে যারা স্টেট পরিষেবার বিষয়ে নতুন তাদেরকে তাদের কর্মজীবন শুরু হওয়ার ষাট দিনের মধ্যে নৈতিকতা সংক্রান্ত একটি লাইভ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

2. এধরনের প্রশিক্ষণের মধ্যে সরকারি কর্মকর্তা আইনের ধারা 73, 73-A, ও 74 এবং সিভিল সার্ভিস আইনের (Civil Service Law) ধারা 75-b ও 107 এর প্রবিধানগুলো সম্পর্কিত একটি আলোচনা অন্তর্ভুক্ত থাকতে হবে।
3. স্টেটের কোনো সংস্থার প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে এই আদেশ অনুযায়ী তাদের প্রারম্ভিক প্রশিক্ষণ সেশনের পরে প্রতি তিন বছর অন্তর নৈতিকতা সংক্রান্ত একটি লাইভ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে, তবে, এক্সিকিউটিভ চেম্বারে কর্মরত স্টেটের কোনো সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের এই আদেশ অনুযায়ী তাদের প্রারম্ভিক প্রশিক্ষণ সেশনের পরে প্রতি দুই বছর অন্তর নৈতিকতা সংক্রান্ত একটি লাইভ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।
4. স্টেটের কোনো সংস্থার প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে তাদের অথবা তাদের প্রশিক্ষকের কাছ থেকে এই আদেশ অনুযায়ী প্রতিটি লাইভ প্রশিক্ষণ সেশনে তাদের অংশগ্রহণকে সত্যায়নকারী স্বাক্ষরিত বিবৃতি জমা দিতে হবে, যেসব বিবৃতি তাদের পার্সোনেল ফাইলে সংযুক্ত করা হবে।
5. এক্সিকিউটিভ চেম্বার ও প্রত্যেক স্টেট সংস্থার ইথিকস অফিসাররা প্রভাবিত হওয়া ব্যক্তিদেরকে এই আদেশ মেনে চলার সুযোগ করে দিতে নিয়মিত প্রশিক্ষণ সেশনের আয়োজন করার উদ্দেশ্যে পরস্পরের সাথে এবং জয়েন্ট কমিশন অন পাবলিক ইথিকস (Joint Commission on Public Ethics) এর সাথে সমন্বয় করবে।

C. দণ্ড

এই আদেশের যেকোনো লঙ্ঘন এরূপ লঙ্ঘনকারী ব্যক্তির নিয়োগদাতা কর্মকর্তার সিদ্ধান্ত অনুযায়ী চাকরিচ্যুতি অথবা অন্যান্য যথাযথ শাস্তির কারণ হতে পারে।

এই বর্ষ দুই হাজার একুশের অক্টোবরের সাতাশ তারিখে
আলবানি সিটিতে আমার হাতে এবং স্টেটের
প্রাইভি সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব